

সংবাদ সম্মেলনে প্রকাশক ও
বিক্রেতা সমিতির নেতৃবৃন্দ

**বোর্ডের চরম গাফিলতির জন্য
৬ষ্ঠ ও ৯ম শ্রেণীর বই ছাপাতে
দেরী হচ্ছে**

স্টাফ রিপোর্টার : গতকাল জাতীয় প্রেস ক্লাবে
বাংলাদেশ পুস্তক প্রকাশক ও বিক্রেতা সমিতি
আয়োজিত সাংবাদিক সম্মেলনে সমিতির
নেতৃবৃন্দ বলেছেন: জাতীয় ক্রিয়াকর্ম ও
পাঠ্যপুস্তক বোর্ডের চরম গাফিলতির কারণে
৬ষ্ঠ ও ৯ম শ্রেণীর বই ছাপাতে বিলম্ব হচ্ছে।
সাংবাদিক সম্মেলনে পুস্তক প্রকাশক ও
বিক্রেতা সমিতির মহাসচিব আখলাকুর
রহমান লিখিত বক্তব্যে তিনি ৬ষ্ঠ ও ৯ম
শ্রেণীর বই ছাপাতে বিলম্বের কারণে

বোর্ডের চরম গাফিলতির

শ্রেণীর পাঠ্য পুস্তক এ বছর সম্পূর্ণ নতুন
আঙ্গিকে হওয়াতে কোন বইয়ের ফর্মা সংখ্যা
কত তার কোন ধারণাই এনসিটিবি কিংবা
প্রকাশকদের ছিল না। এ কারণে রাজারের
পরিধি, কাগজের চাহিদা, বইয়ের সংখ্যা, কত
সংখ্যক প্রেসের প্রয়োজন এবং বাধাই শ্রমিক
নিয়োগের বিষয়টি সম্পর্কে কোন সঠিক
পরিকল্পনা গ্রহণ করা সম্ভব হয়নি। সাংবাদিক
সম্মেলনে বলা হয়, সময় মত পাঠ্য পুস্তক
সরবরাহ করার লক্ষ্যে গত অক্টোবর থেকে
নভেম্বর মাসের মধ্যে সম্পূর্ণ পড়েটিভ
সরবরাহ করা প্রয়োজন ছিল। কিন্তু কর্তৃপক্ষ
তা করতে ব্যর্থ হয়েছে। সাংবাদিক সম্মেলনে
বলা হয়, গত ৮ মে থেকে ৭টি বিষয়ের বোর্ড
বই, ৭টি কাউন্সিলের মাধ্যমে সারাদেশের
সদস্যদের কাছে বিক্রি করা হচ্ছে।
বোর্ডের সমস্ত ব্যর্থতা প্রকাশক ও বিক্রেতা
সমিতির উপর চাপিয়ে দেয়া হচ্ছে। এক
প্রশ্নের জবাবে আখলাকুর রহমান বলেন,
প্রতিমাসে বই ছাপার জন্য সমিতিকে ১
হাজার মেট্রিক টন কাগজ সরবরাহ করার
কথা, কিন্তু তা দেয়া হচ্ছে না। আগামী ১
সপ্তাহের মধ্যে বইয়ের সংকট হ্রাস পাবে বলে
আশাবাদ ব্যক্ত করা হয়।